

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

বিষয়ঃ উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং কার্য কর্ম।

১। উদ্ভাবনের শিরোনাম:

Store Management System Software-এর প্রবর্তন।

২। কীভাবে যাত্রা শুরু/পটভূমিঃ

বাকেশি'র পণ্য উৎপাদন, বিপণন এবং ও অন্যান্য সংশ্লিষ্ট কাজে ক্রয়কৃত কাঁচামাল/খুচরা যন্ত্রাংশ/স্টেশনারী/অন্যান্য মালামাল ভান্ডারে সংরক্ষণের পর রেজিস্টারের মাধ্যমে রেকর্ড সংরক্ষণ এবং ইস্যু/জমার ব্যবস্থাপনার কার্য কর্ম প্রচলিত আছে। এ কাজটি সম্পূর্ণ ম্যানুয়াল অর্থ ১৭ কম্পিউটারাইজড সিস্টেমের অন্তর্ভুক্ত ছিল না।

এই প্রক্রিয়ায় ভান্ডারের কার্য কর্ম সম্পন্ন করতে অনেক জনবলের সম্পৃক্ততাসহ সময় সাপেক্ষ হয়ে যায়। এতে তাৎক্ষণিক তথ্য প্রাপ্তিতে বিলম্বের সৃষ্টি হয় এবং সংশ্লিষ্ট মালামাল ব্যবহারকারীগণের অনেক ক্ষেত্রে সঠিক তথ্য পেতে বিড়ম্বনার মধ্যে পড়তে হয়।

এই বিড়ম্বনা ও ভোগান্তির কথা চিন্তা করে প্রতিষ্ঠানের ভান্ডারের কার্য কর্মকে সহজিকরণের জন্য Store Management System Software প্রবর্তন সম্পর্কিত উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

বাকেশি'র কার্য কর্মে এই উদ্ভাবনী কার্য কর্ম সংযুক্ত চালু হলে সংশ্লিষ্ট ব্যবহারকারীগণ অনলাইন পদ্ধতিতে ভান্ডারের মালামালের মজুদ অবস্থা তাৎক্ষণিক জানতে পারবেন এবং ভান্ডারে কর্ম কান্ড পরিচালনায় কম জনবল প্রয়োজন হবে। এছাড়া, বাকেশি ব্যবস্থাপনা কর্তৃপক্ষ অনলাইনের মাধ্যমে ভান্ডারের কার্য কর্ম পর্যবেক্ষণ করতে পারবেন। ভান্ডার ব্যবহারকারীগণ প্রয়োজনে মজুদ তালিকা অনলাইনে সংগ্রহ করে তার প্রিন্ট রেকর্ড নিতে পারবেন।

এই উদ্ভাবনী কার্য কর্ম প্রবর্তনের ফলে ভান্ডারের কাজে গতিশীলতা আসবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে।

৩। পরিবর্তনের শুরুর কথা অথবা এই উদ্যোগ কী কী কল্যাণ বয়ে এনেছেঃ

বিদ্যমান ভান্ডারের কার্য কর্ম অনেকটা গতানুগতিক ও ম্যানুয়াল পদ্ধতি হওয়ায় বর্তমান ডিজিটাল যুগে সফটওয়্যার-এর আওতায় এনে দক্ষতার সাথে কার্য কর্ম পরিচালনার অংশ হিসেবে Store Management System Software প্রবর্তন করা হয়েছে। এতে ভান্ডার শাখার কাজে গতিশীলতা আসবে এবং প্রতিষ্ঠানের কাজে স্বচ্ছতা ও অনলাইনের মাধ্যমে তথ্য প্রবাহ সম্ভব হবে। প্রতিষ্ঠানের সকল বিভাগ এই সফটওয়্যার ব্যবহারের কারণে মালামালের মজুদ পরিস্থিতি বিশ্লেষণে উপকৃত হবে।

৪। উপকারভোগী বা অংশীজনের প্রতিক্রিয়া/অনুভূতিঃ




এই উদ্ভাবনী উদ্যোগটি প্রতিষ্ঠানের মালামাল মজুদের তাৎক্ষণিক তথ্য প্রাপ্তি কার্য কর্মকে সহজ করেছে এবং প্রতিষ্ঠানের সকল বিভাগ উপকৃত হবে।

৫। টিভিসি বিশ্লেষণঃ

(প্রতিটি আইটেম-এর মালামালের তথ্য বিবেচনায়)


বিবরণ	সময়	খরচ (টাকা)	যাতায়াত
আইডিয়া বাস্তবায়নের আগে	২ ঘন্টা	৩০.০০	২-৩ বার
আইডিয়া বাস্তবায়নের পরে	৫ মিনিট	০৫.০০	০
আইডিয়া বাস্তবায়নের ফলে প্রত্যাশিত বেনিফিট	১ ঘন্টা ৫৫ মিনিট কমবে	২৫.০০ টাকা কমবে	২-৩ বার কমবে

৬। উদ্ভাবনী উদ্যোগের স্থির চিত্রঃ




৭। উত্তাবনী উদ্যোগের প্রসেস-ম্যাপঃ

বাস্তবায়নের আগে-



বাস্তবায়নের পর-



৯। উত্তাবনী কাজের জন্য ব্যয়ঃ

৩(তিন)টি কম্পিউটার ও আনুষঙ্গিক মালামাল ও সেবা ক্রয় এবং স্থাপনসহ সর্ব মোট ব্যয় ১,৫০,০০০.০০ টাকা।

৮। উত্তাবন ও বাস্তবায়ন টিমঃ

সদস্য/সদস্যদের নাম ও ঠিকানা
১। জনাব জগদীশ চন্দ্র মন্ডল, ব্যবস্থাপনা পরিচালক, বাকেশি, খুলনা।
২। মোঃ মসলেম উদ্দীন, মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) চঃ দাঃ, বাকেশি, খুলনা।
৩। মোঃ এনামুল হক, উপ-মহাব্যবস্থাপক (উৎপাদন ও মার্গনিঃ), বাকেশি, খুলনা।
৪। এম. এম. মহিদুল ইসলাম, সহকারী ব্যবস্থাপক (সমন্বয়), বাকেশি, খুলনা।
৫। মোঃ মোজাহিদুর রহমান, সহকারী ব্যবস্থাপক (ভান্ডার), বাকেশি, খুলনা।
৬। মোঃ লিয়াকত উল্লাহ, লিয়াজো কর্মকর্তা, বাকেশি সিটি অফিস, ঢাকা।